

19 অক্টোবর, 2021

প্রিয় পরিবারবর্গ,

আমরা আমাদের স্কুল হোমকামিংয়ের দ্বিতীয় মাসের মাঝামাঝি চলে এসেছি, এবং ন্যূনতম বিদ্যুৎ সৃষ্টি করে আমাদের স্কুল কমিউনিটিকে সুস্থ রেখে, পুরোদমে পড়াশোনা বজায় রাখতে পেরে আমি অত্যন্ত আনন্দিত। আমাদের বহুস্তরের স্বাস্থ্য ও সুরক্ষা জনিত নিয়ম-নীতির কারণে, আমাদের স্কুলগুলো অব্যাহতভাবে নিউ ইয়র্ক সিটির সবচেয়ে নিরাপদ স্থানগুলোর মাঝে একটি হিসেবে গণ্য হচ্ছে।

আপনার স্কুল কমিউনিটিকে নিরাপদ রাখার জন্য আপনারা, শিক্ষার্থীদের পরিবার হিসেবে আপনারদের অংশটুকু করার জন্য ব্যাপক সাধুবাদ প্রাপ্য, এর রয়েছে: প্রতি সকালে ছেলেমেয়েদের তাপমাত্রা যাচাই, পারস্পরিক দূরত্ব বজায় রাখা ও হাত ধোয়ার মত নিরাপত্তামূলক চর্চা অনুশীলনে উৎসাহ দান, এবং স্কুলের প্রতি রওয়ানা হওয়ার আগে তারা তাদের মাস্ক পরেছে তা নিশ্চিত করা। স্বাস্থ্য ও নিরাপত্তাকে অগ্রাধিকার প্রদানে আমাদের অংশীদার হবার জন্য আপনারদের অসংখ্য ধন্যবাদ, এবং এই অসাধারণ কাজ চালিয়ে যান!

আমাদের স্কুলগুলোকে নিরাপদ রাখার একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ উপায় হচ্ছে অটিকাপ্রাপ্ত (আনভ্যাকসিনেটেড) শিক্ষার্থীদের (প্রথম বা 1 থেকে উপরের সকল গ্রেড) এলোমেলোভাবে বেছে নিয়ে কোভিড-19 (COVID-19) পরীক্ষা করা। কমিউনিটির মাঝে সংক্রমণের প্রতি লক্ষ্য রাখতে এই ধরনের নিয়মিত পরীক্ষা তখনই সবচেয়ে কার্যকরী হবে যখন যত বেশী সম্ভব শিক্ষার্থীকে আমরা পরীক্ষা করতে পারবো, কিন্তু সেটা করতে হলে আপনি যদি ইতোমধ্যেই সম্মতি না দিয়ে থাকেন তবে আমাদের আপনার সম্মতি প্রয়োজন। যেসব পরিবার ইতোমধ্যেই জমা দিয়েছেন তাদের ধন্যবাদ জানাচ্ছি।

আপনি আপনার NYC স্কুলস্ অ্যাকাউন্ট (NYCSA): [schoolsaccount.nyc](https://schoolsaccount.nyc.gov) ব্যবহার করে অথবা অনলাইনে [schools.nyc.gov/covidtesting](https://schools.nyc.gov/covidtesting) ওয়েবসাইট থেকে পরীক্ষা বা টেস্টিংয়ে সম্মতিদান ফর্মটি ডাউনলোড করে, সেটা পূরণ করতে পারেন এবং আপনার স্কুলে পূরণকৃত ফর্মটি নিয়ে আসতে পারেন। পরীক্ষণ বা টেস্টিং নিরাপদ, দ্রুত, এবং সহজ। আপনার সন্তান এবং আমাদের স্কুল কমিউনিটিকে নিরাপদ রাখতে এই সম্মতি প্রদান করার জন্য আমরা আপনার কাছে অনুরোধ করছি। আপনি [schools.nyc.gov/covidtesting](https://schools.nyc.gov/covidtesting) -ওয়েবসাইটে, স্কুলের অভ্যন্তরে কোভিড-19 (COVID-19) পরীক্ষণ বা টেস্টিং কর্মসূচি সম্পর্কে আরো জানতে পারেন এবং আপনার সন্তান কী প্রত্যাশা করতে পারে সেবিষয়ে একটি ভিডিও দেখতে পারেন।

যদি আপনার 12 অথবা এরচেয়ে বেশী বয়সী কোনও সন্তান থেকে থাকে, তবে আপনার আরেকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হবে তাকে টিকা (ভ্যাকসিন) দেয়া, যদি আপনি ইতোমধ্যেই তা না করে থাকেন। টিকা বা ভ্যাকসিন সিটি জুড়ে সংক্রমণের হার কমাতে ব্যাপক ভূমিকা রাখছে, এবং এটা নিরাপদ, বিনা মূল্যে দেয়া হয়, এবং ইমিগ্রেশন স্ট্যাটাস যাই হোকনা কেন, সকলের জন্য লভ্য। যেসব স্থানে আপনার সন্তান অনুমোদিত ফাইজার-বায়োটেক (Pfizer-BioNTech)-এর টিকা গ্রহণ করতে পারবে, সেগুলোর মাঝে নিকটস্থ স্থানটি খুঁজতে [vaccinefinder.nyc.gov](https://vaccinefinder.nyc.gov) দেখতে অথবা 877-VAX-4-NYC (877-829-4692) নম্বরে ফোন করতে আমি আপনাকে জোর অনুরোধ করছি। যদি আপনার সন্তান ইতোমধ্যেই টিকাপ্রাপ্ত (ভ্যাকসিনেটেড) হয়ে থাকে, তবে অনুগ্রহ করে ঐ তথ্যটি [vaccine.schools.nyc](https://vaccine.schools.nyc) -সাইটে অবস্থিত DOE-এর কোভিড-19 (Covid-19) ভ্যাকসিন পোর্টালে আপলোড করুন।

আপনার অংশীদারিত্বের জন্য ধন্যবাদ - আমরা আমাদের স্কুলগুলো পুনরায় নিরাপদে খুলেছি। যত বেশি পরিবার স্কুলে কোভিড-19 (COVID-19) পরীক্ষার জন্য সম্মতি প্রদান করবে এবং তাদের ছেলেমেয়েদের টিকা বা ভ্যাকসিন প্রদান করবে, আমাদের সিটি জুড়ে আমাদের স্কুলগুলোতে সকলকে নিরাপদ রাখতে আমরা তত বেশী অগ্রগতি সাধন করতে পারবো।

অংশীদারিত্বে,



মিষ্শা পোর্টার (Meisha Porter)

নিউ ইয়র্ক সিটি স্কুলস চ্যান্সেলর